

# প্রাপ্য সূচী

ক্রমিক সংখ্যা	ক্ষতি পূরণের প্রকার	প্রাপক	ক্ষতি পূরণের নমুনা
০১।	গাছ এবং শস্যের ক্ষতিপূরণ	মালিক	বাজার দর অনুযায়ী শস্যের ক্ষতিপূরণ এবং ফলন্ত গাছের আট বৎসরের আয় অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হইবে। ক্ষতিগ্রস্ত চাষীদের অগ্রিম নোটিশ দেওয়া হইবে। নষ্টের জন্য কাঠ বা টিম্বার ক্ষতিগ্রস্ত ব্যক্তি অধিকারে রাখিয়া দিবে।
০২।	বর্গাদার চুক্তি-ভিত্তিক মালিকানার ক্ষতিপূরণ	বর্গাদার/অংশীদার /পাট্টা জমির মালিক	কেবল মাত্র চাষী বাজার দর অনুযায়ী শস্যের ক্ষতিপূরণ পাইবে এবং ফলন্ত গাছের আট বৎসরের আয় অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হইবে। ক্ষতিগ্রস্ত চাষীদের অগ্রিম নোটিশ দেওয়া হইবে।
০৩।	অন্যান্য ক্ষতি পূরণ (নিয়ম অনুযায়ী)	ক্ষতিগ্রস্ত ব্যক্তি	উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ধার্য মূল্য ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হইবে।
০৪।	অতিরিক্ত সহায়তা বিশেষ শ্রেণীর জন্য	বাড়ীর জিনিসের মালিক/ মহিলা / পরিচালিত সংস্থা / বিধবা / অসমর্থ / প্রতিবন্ধী / বয়স্ক / বয়স্কা ইত্যাদি।	উপরোক্ত ধরনের ক্ষতিপূরণ ছাড়াও প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ক্ষতিপূরণ দেওয়া হইবে যাহা উপযুক্ত সরকারী বিভাগ ধার্য করিবে ক্ষেত্র বিশেষে।
০৫।	নির্মিত জিনিসের ক্ষতিপূরণ		
ক) (১)	বাড়ী : আইনানুগ মালিকাধীন অথবা ব্যবহৃত অধিকার বিশেষ।	আইন সঙ্গত আধিকারিক	স্থানান্তরণ বাবদ নগদ ক্ষতিপূরণ (কোন রকম মূল্য বাদ দেওয়া যাইবে না) +২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অতিরিক্ত দেওয়া হইবে। (ভারত সরকারের নিয়মানুযায়ী দারিদ্র সীমার নীচে বসবাসকারী ব্যক্তি), বাড়ী তৈরী করার জন্য ও বাড়ী তৈরীর সরঞ্জামের পরিবহনের খরচ ও দেওয়া হইবে।
(২) (ক)	দোকান /সংস্থা : আইনানুগ মালিকাধীন অথবা ব্যবহৃত অধিকার বিশেষ	ব্যক্তি মালিক	নগদ টাকা এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা পূর্ণ নির্মাণের / পূর্ণবাসনের জন্য দেওয়া হইবে।
(খ)	পরিবহনের সময় ক্ষতি	পরিবার / সংস্থা	অন্যত্র স্থানান্তরনের জন্য জিনিসপত্র / গবাদিপশুর পরিবহনের ব্যবস্থা করা হইবে অথবা সমমূল্যের নগদ টাকা দেওয়া হইবে।